

## উপজেলা মৎস্য দপ্তর, মেলান্দহ, জামালপুর

### উভাবনী ধারণা/ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম

**শিরোনাম:** তথ্য বাতায়নে মানসম্মত পোনা ও নিরাপদ মৎস্য উৎপাদনকারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণ

**ভূমিকা:** বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন, খাদ্য নিরাপত্তা ও পুষ্টির চাহিদা পূরণে মৎস্য সেচ্চের গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে। একটি উন্নত বাংলাদেশ বিনির্মাণে মৎস্য খাতকে আরো বিকশিত করার মাধ্যমে সকল ধরনের মৎস্য সেবা সহজে জনগণের দোরগোড়ায় পৌছাতে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় জনকল্যানমুখী মৎস্য সেবা প্রতিষ্ঠার লক্ষ্যে উপজেলা মৎস্য দপ্তর মেলান্দহ, জামালপুর এর তথ্য বাতায়নে মানসম্মত পোনা ও মৎস্য উৎপাদনকারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের জন্য উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।

#### উদ্যোগ গ্রহণের ঘোষিতকরণ:

- গুণগত মানসম্পন্ন পোনা মাছের সরবরাহ, নিরাপদ মাছ উৎপাদনের জন্য গুরুত্বপূর্ণ।
- বিদ্যমান ব্যবস্থায় গুণগতমানসম্পন্ন পোনা মাছ ও উৎপাদিত নিরাপদ মাছের উৎস জানতে হলে মৎস্যচাষী/ক্রেতা/পাইকার/আড়তদারকে সরাসরি মৎস্য দপ্তরের গিয়ে কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়।
- দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলেও অনেক সময় দাপ্তরিক টেলিফোন বা মোবাইল নম্বর মাছ চাষী/ক্রেতা/পাইকার/আড়তদারের কাছে না থাকা, দুরত্ব এবং অন্যান্য সমস্যার কারণে সংশ্লিষ্ট তথ্য সময়মত পাওয়া সম্ভব হয় না।
- সরকারি-বেসরকারি পর্যায়ে বিভিন্ন সংস্থা, প্রতিষ্ঠান, কলেজ, বিশ্ববিদ্যালয় কর্তৃক গবেষণাধর্মী কর্মকাণ্ড পরিচালনার জন্য গুণগত মানসম্পন্ন পোনা মাছ ও উৎপাদিত নিরাপদ মাছের অঞ্চল ও প্রজাতি ভিত্তিক প্রাচুর্যতা এবং উৎপাদনকারীর তথ্য প্রয়োজন হয়।
- অ্যাপস, সামাজিক যোগাযোগ ও অন্যান্য ভার্চুয়াল মাধ্যম ভিত্তিক অনলাইন বাজার ব্যবস্থাপনার ক্ষেত্রে নিরাপদ মাছ ও পোনা উৎপাদনকারীর তথ্য জানা প্রয়োজন।
- মৎস্য উৎপাদনকারীদের তথ্য এলাকাভিত্তিক সুবিন্যস্তকরণ, মানসম্পন্ন পোনা মাছ ও উৎপাদিত নিরাপদ মাছের প্রাপ্তিশূন্য সম্পর্কে সহজে ধারণা লাভ।
- মৎস্য উৎপাদন, বিপণন, গবেষণা ও অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রমকে আরও গতিশীল করা।

**বাস্তবায়ন প্রক্রিয়া:** উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক নির্ধারিত ফরম অনুযায়ী গুণগত মানসম্পন্ন পোনা ও নিরাপদ মাছ উৎপাদনকারীর তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহের পর ২০২২-২৩ আর্থিক সালের জন্য উপজেলায় মোট পোনা উৎপাদনকারীর শতকরা ২০ ভাগ এবং নিরাপদ মাছ উৎপাদনকারীর শতকরা ২০ ভাগ মৎস্য চাষীকে নির্বাচন করা হবে। মৎস্যচাষী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উভয় মৎস্যচাষ অনুশীলন (GAP), যোগাযোগ ব্যবস্থা, তুলনামূলক বড় খামার, প্রশিক্ষণপ্রাপ্ত কিনা প্রভৃতি বিষয়সমূহকে বিবেচনায় রাখা হবে।

**লগ ফ্রেম (Log Frame):**

ক্র. নং	কার্যক্রম	সময়কাল (২০২২-২০২৩)				
		সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি
১.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ		→			
২.	তথ্য যাচাইকরণ			→		
৩.	জেলা পর্যায়ে তথ্য প্রেরণ				→	
৪.	জেলা দপ্তর কর্তৃক তথ্য যাচাইকরণ					→
৫.	উপজেলা দপ্তরের তথ্য তথ্য বাতায়নে আপলোড					→

**প্রত্যাশিত ফলাফল :**

- ❖ অফিসে বাতায়াতের জন্য সময়ের অপচয় হবে না।
- ❖ সেবা গ্রহীতাদের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- ❖ তাৎক্ষণিকভাবে যেকোনো স্থান থেকে তথ্য বাতায়ন থেকে মানসম্মত পোনা ও মৎস্য উৎপাদনকারীদের তথ্য সংগ্রহ করা যাবে।
- ❖ গবেষণাধর্মী কার্যক্রমে সহায়ক ভূমিকা রাখবে।
- ❖ অনলাইন বাজার ব্যবস্থাপনায় তথ্য বাতায়ন অন্যতম তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে।